টিকটকে সিরিজ’ নামে নতুন একটি সুবিধা; আয় করা যাবে

টিকটকে কন্টেন্ট নির্মাতারা নানাভাবে আয় করতে পারেন। টিকটকও নতুন আয়ের সুযোগ তৈরিতে তৎপরতা দেখাচ্ছে। ‘সিরিজ’ নামে নতুন একটি সুবিধার মাধ্যমে আয় করা যাবে।

নতুন এই পদ্ধতিতে আয় করতে হলে কনটেন্ট নির্মাতাদের কমপক্ষে ২০ মিনিট দৈর্ঘ্যের একাধিক ভিডিও তৈরি করতে হবে। ভিডিওগুলো ‘সিরিজ’ সংগ্রহে জমা রাখতে হবে। এখানে সর্বোচ্চ ৮০টি ভিডিও জমা রাখতে পারবেন নির্মাতারা। সিরিজ সংগ্রহে থাকা ভিডিওগুলো ব্যবহারকারীরা টাকার বিনিময়ে দেখতে পারবেন। দর্শকদের কাছ থেকে পাওয়া এই অর্থ সরাসরি নির্মাতাদের অ্যাকাউন্টে চলে যাবে।

নির্মাতারা নিজেরাই টাকার পরিমাণ নির্ধারণ করতে পারবেন। তবে ৯৯ সেন্ট থেকে ১৮৯ ডলার ৯৯ সেন্টের মধ্যে নির্মাতারা দাম নির্ধারণ করে ফেলতে পারবেন। কিন্তু সব অঞ্চলের নির্মাতারা এই সুবিধা পাচ্ছেন না। আপাতত নির্দিষ্ট কিছু অঞ্চলের নির্মাতারা নতুন এই সুবিধা পাচ্ছেন। তবে নির্মাতাদের বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে।

এছাড়া, কমপক্ষে ৩০ দিন পুরানো অ্যাকাউন্ট হওয়ার পাশাপাশি ১০ হাজার ফলোয়ার থাকতে হবে। অ্যাকাউন্টটিতে শেষ ৩০ দিনের মধ্যে ৩ বা এর অধিক পাবলিক পোস্ট থাকতে হবে। শেষ ৩০ দিনে অন্তত ১ হাজার ভিউ থাকতে হবে।

সূত্র: ম্যাশেবল

ইউটিউবকে টেক্কা দিতে আসছে স্পটিফাই

পছন্দের গান ইউটিউবে অফলাইনে ডাউনলোডের সুবিধা আছে। হয়তো ডাউনলোড নাই বা বলা হলো, সুবিধা তো আছে। এবার স্পটিফাই আনছে

অফলাইন মিক্স। স্পটিফাইয়ের সিইও ড্যানিয়েল এক সম্প্রতি এমন ঘোষণাই দিলেন।

২০২২ সাল থেকেই এমন কিছুর ঘোষণা পাওয়া যাচ্ছিল। তবে কবে আসবে এই ফিচার তা জানা যায়নি৷ তাছাড়া এমনটির অসুবিধাও আছে কিছু। তারপরও এবার আসছে এই আকাঙ্ক্ষিত ফিচার। কেউ অনলাইনে না থাকলেও নিজের অফলাইন প্লেলিস্ট থেকে গান শুনতে পারবেন।

সূত্র: ইত্তেফাক

ব্যবহারকারীর অবস্থানও শনাক্ত করবে গুগলের ‘বার্ড’ চ্যাটবট

গত মার্চ মাসে বার্ড (বিএআরডি) নামের কৃত্রিম বুদ্ধিমত্তাচালিত চ্যাটবট উন্মুক্ত করে গুগল। মার্কিন প্রযুক্তি প্রতিষ্ঠান ওপেনএআইয়ের তৈরি চ্যাটজিপিটির সঙ্গে পাল্লা দিতে এবার বার্ড-এ ব্যবহারকারীদের অবস্থান শনাক্তের সুবিধা যুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে গুগল। এ সুবিধা চালু হলে ব্যবহারকারীদের অবস্থান বুঝে সহায়ক বিভিন্ন উত্তর দিতে পারবে চ্যাটবটটি।

জানা গেছে, অবস্থান শনাক্তকরণ সুবিধা চালু হলে কোনো প্রশ্ন করলেই প্রথমে ব্যবহারকারীর অবস্থান শনাক্ত করবে বার্ড। এরপর ব্যবহারকারীর দেশ, স্থানীয় তথ্য ও সামাজিক অবস্থান বিবেচনা করে প্রাসঙ্গিক ফলাফল জানাবে। ফলে বর্তমানের তুলনায় চ্যাটবটটির মাধ্যমে আরও ভালো উত্তর পাওয়া যাবে।

গুগলের তথ্যমতে, নতুন এ সুবিধা চালু হলে ব্যবহারকারীর আশপাশের রেস্তোরাঁ এবং বাণিজ্যিক বিভিন্ন প্রতিষ্ঠানের তথ্যও জানাতে পারবে বার্ড চ্যাটবট। ফলে ব্যবহারকারীদের পাশাপাশি বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলোও উপকৃত হবে। শুধু তা–ই নয়, বিভিন্ন প্রশ্নের প্রাসঙ্গিক ফলাফলও জানাতে পারবে।

গুগলের কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি এলএএমডিএ (ল্যাঙ্গুয়েজ

মডেল ফর ডায়ালগ অ্যাপ্লিকেশনস) কাজে লাগিয়ে তৈরি বার্ড চ্যাটবটটিতে এরই মধ্যে অবস্থান শনাক্তের সুবিধার কার্যকারিতা পরীক্ষা করে দেখছে গুগল। বেটা সংস্করণ ব্যবহারকারীরা চ্যাটবটটিতে প্রবেশ করলেই একটি বার্তা দেখতে পারছেন। বার্তায় বলা হয়েছে, ‘আরও প্রাসঙ্গিক প্রতিক্রিয়া পেতে, আপনি বার্ডকে আপনার যন্ত্রের সুনির্দিষ্ট অবস্থান ব্যবহারের অনুমতি দিতে পারেন।’

সূত্র: গ্যাজেটস নাউ

ম্যাকবুকে খেলা যাবে উইন্ডোজ গেম

অ্যাপল সম্প্রতি প্রোটোনের মতো একটি টুল চালু করছে। তারা তাদের ওয়ার্ল্ডওয়াইড ডেভেলপার কনফারেন্সে বেশকিছু চমৎকার ঘোষণা দিয়েছে। তারমধ্যে এই ঘোষণাটি গেমারদের জন্য বেশ চমৎকার। তাদের প্রোটোনের মতো টুল ডিরেক্ট-এক্স এর মাধ্যমে উইন্ডোজের গেম সহজেই ম্যাকবুকে চালু করতে সাহায্য করবে।

স্ট্রিম ডেক আর প্রোটনের মতো গেম পোর্টিং টুলকিট তারা বানিয়েছে। ক্রসওভার থেকে তারা সোর্স কোড নিয়ে টুলকিট তৈরি করেছে। উইন্ডোজ গেম ট্রান্সলেট করে তা দ্রুত ম্যাকে চালানোর সুবিধা করে দিবে এই টুলকিট।

উইন্ডোজের ৮৬ বিটনির্ভর সাপোর্ট আর উইন্ডোজ এপিআই এর মাধ্যমে এমনটি সম্ভব। কোনো পোর্টিং বা মোডিফিকেশন ছাড়াই গেম রান করা যাবে। গেমারদের জন্য এটি এক বড় খবর তো বটেই।

চ্যাটজিপিটির প্রতিদ্বন্দ্বী হতে যাচ্ছে প্রাইভেটজিপিটি?

চ্যাটজিপিটি অনলাইন জগতে এক বিস্ময়কর নাম হয়ে উঠেছিল। কিন্তু প্রাইভেসির ক্ষেত্রে চ্যাটজিপিটির বিতর্ক যেন কাটছেই না। স্যামসাং বাদেও বেশ কয়েকটি প্রতিষ্ঠান এর ওপর সাময়িক নিষেধাজ্ঞা দিয়ে রেখেছে। তাই চ্যাটজিপিটির কিছু সমস্যা তো রয়েছেই। কিন্তু চ্যাটজিপিটির বড় প্রতিদ্বন্দ্বী বোধহয় প্রাইভেটজিপিটি।

প্রাইভেটএআই নামে একটি প্রতিষ্ঠান চ্যাটজিপিটির আদলেই প্রাইভেটজিপিটি তৈরি করেছে। টুলটি স্বয়ংক্রিয়ভাবে পিয়াইয়াই বা গুরুত্বপূর্ণ তথ্য আড়ালে রাখতে জানে।

প্রাইভেটএআই শুধু চ্যাটজিপিটির তথ্য নিরাপত্তার স্তর আরও বাড়ানোর সুবিধা দিচ্ছে এমন নয়। মার্চেও ক্যাডো সিকিউরিটি নামে একটি প্রতিষ্ঠান মাস্কড এআই নামে একটি টুলের ঘোষণা দিয়েছিল। এটিও জিপিটি-৪ এ সাবমিট করা সেন্সেটিভ ডাটা লুকিয়ে রাখতে জানে। প্রাইভেটজিপিটি অবশ্য একটু এগিয়ে। নাম, ক্রেডিট কার্ড নাম্বার, ইমেইল এড্রেস, ফোন নাম্বার, ওয়েব লিংক, আইপি এড্রেস ইত্যাদি জরুরি তথ্য এই কৃত্রিম বুদ্ধিমত্তা লুকিয়ে রাখতে পারে।

তবে আশার কথা হলো, ক্যাডো ও প্রাইভেট এআই সম্মিলিতভাবে কাজ করছে। তারা চ্যাটজিপিটির মত তথ্যের হেরফের করবে না এমন একটি আত্মবিশ্বাস দেখাচ্ছে বরাবরই।

মেহেরপুরে বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলার উদ্বোধন

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ

২৫ লাখের বেশি ভারতীয় অ্যাকাউন্ট নিষিদ্ধ করলো টুইটার

নির্দিষ্ট নীতিমালা লঙ্ঘন করে ভুল জিনিস প্রচার বা পোস্ট করার জন্য চলতি বছরের ২৬ মার্চ থেকে ২৫ এপ্রিল পর্যন্ত ২৫ লাখের বেশি ভারতীয় অ্যাকাউন্ট নিষিদ্ধ করেছে মাইক্রো ব্লগিং সাইট টুইটার।

প্রতিষ্ঠানটি অভিযোগ করেছে ওই সকল অ্যাকাউন্ট থেকে শিশু যৌন নির্যাতন সম্পর্কিত তথ্য এবং নগ্ন ছবি আপলোড হয়েছিল। যার কারণে টুইটার মোট ২৫,৫৩,৮৮১টি ভারতীয় অ্যাকাউন্ট নিষিদ্ধ করেছে। ১৫৮টি অভিযোগের ভিত্তিতে এই ব্যবস্থা নেওয়া হয়েছে। তবে আপিলের পর ৩টি অ্যাকাউন্ট ফিরিয়ে দেওয়া হয়েছে।

টুইটারের প্রতিবেদনে বলা হয়েছে, ভারত থেকে প্রাপ্ত বেশিরভাগ অভিযোগই অপব্যবহার বা হয়রানি (৮৩টি), সংবেদনশীল প্রাপ্তবয়স্ক সামগ্রী (৪১টি), ঘৃণ্য আচরণ (১৯টি) এবং মানহানি (১২টি) আইন দ্বারা ব্যান করা হয়েছে।

টুইটারে থাকতে চাইলে তাদের নিয়ম মেনেই চলতে হবে। অ্যাকাউন্টগুলো ব্যান করার মাধ্যমে তাই বুঝিয়ে দিলো ইলন মাস্কের এই প্রতিষ্ঠান।

এদিকে শুক্রবার টুইটার ছাড়লেন শীর্ষস্থানীয় এক নারী কর্মকর্তা। তার নাম এলা আরউইন। তিনি সংস্থাটির হেড অব ট্রাস্ট অ্যান্ড সেফটি হিসেবে কর্মরত ছিলেন। জনপ্রিয় এই সোশ্যাল মিডিয়া সাইটটি ছেড়ে যাওয়ার কথা তিনি নিজেই ঘোষণা করেছেন।

জনপ্রিয় এই অনলাইন প্ল্যাটফর্মে ব্যবহারকারীদের আপলোড করা কনটেন্ট পর্যালোচনা এবং নিরীক্ষণের প্রক্রিয়া তত্ত্বাবধান করতেন এলা আরউইন।

রয়টার্স বলছে, আরউইন ২০২২ সালের জুন মাসে টুইটারে যোগ দিয়েছিলেন। একই বছরের নভেম্বরে সংস্থাটির ট্রাস্ট অ্যান্ড সেফটি

দলের প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছিলেন তিনি। মূলত পূর্ববর্তী প্রধান ইয়োয়েল রথ পদত্যাগ করার পর আরউইন এই দায়িত্বে এসেছিলেন।

সূত্র: টুইটার

প্লেস্টোরে জনপ্রিয় অ্যাপের বিরুদ্ধে গোপনে তথ্য চুরির অভিযোগ

আইরেকর্ডার অ্যাপটি বেশিদিন হয়নি প্লেস্টোরে উন্মুক্ত করা হয়। এক বছর আগে উন্মুক্ত হওয়া অ্যাপটি রাতারাতি জনপ্রিয় হয়ে ওঠে। সুন্দর ইন্টারফেস এবং ব্যবহার করতে সহজ হওয়ায় অ্যাপটি অনেক গ্রাহকের ফোনে জায়গা করে নেয়। কিন্তু নতুন আপডেটের পর অ্যাপটিতে একটি ম্যালওয়ার কোড যুক্ত করে দেওয়া হয়েছে। এসেট নামে একটি সাইবারসিকিউরিটি ফার্ম প্রথম এই ম্যালওয়ার শনাক্ত করে এবং একটি ব্লগপোস্টে বিস্তারিত জানায়।

স্ক্রিন রেকর্ডিং অ্যাপের মধ্যে এই অ্যাপ ব্যাপক জনপ্রিয়৷ গুগল সম্প্রতি ডাটা প্রাইভেসির বিষয়ে কড়াকড়ি আরোপ করছে। কিন্তু তাদের নজরের বাইরে রয়ে গেছে ম্যালওয়ারটি। এই ম্যালওয়ারটি ব্যবহারকারীর ফোনের মাইক্রোফোন ও ক্যামেরা পারমিশন ছাড়াই ব্যবহার করছে।

যদিও গুগলে এখন অ্যাপ ব্যবহারের সময়েই প্রাইভেসি অপশন চালু থাকার কথা। কিন্তু তা সম্ভব হয়নি। প্রত্যেক ১৫ মিনিট পর ডিভাইস থেকে অ্যাম্বিয়েন্ট অডিও আপলোড করে দিচ্ছে ম্যালওয়ারটি৷ বিষয়টি গ্রাহক বুঝতেও পারছেন না। কিন্তু এই ম্যালওয়ার আবিষ্কারের পর আবার স্ক্রিন রেকর্ডার অ্যাপ নিয়ে শঙ্কা তৈরি হয়েছে।

সূত্র: টেকক্রাঞ্চ

[redacted]

[redacted]

[redacted]

[redacted]
[redacted]

[redacted]
[redacted]

[redacted]
[redacted]

[redacted]
[redacted]

[redacted]: [redacted]

নকল পণ্য শনাক্ত করবে ফিচারপ্রিন্ট অ্যাপ

নকল পণ্য শনাক্ত করাটা কঠিন। যথেষ্ট অভিজ্ঞতা ও জ্ঞান না থাকলে অনেক সময় বোঝা যায় না। তবে ওয়াশিংটনের আলিথেওন নামে একটি প্রতিষ্ঠান জানাচ্ছে, তাদের ফিচারপ্রিন্ট অ্যাপ সহজেই আসল-নকল পণ্য শনাক্ত করতে পারবে।

প্রতিষ্ঠানটি ইতোমধ্যে একাধিক ভিডিও প্রকাশ করেছে। ভিডিওতে দেখা যাচ্ছে নকল পণ্য যাচাই করার জন্য অ্যাপ দিয়ে ছবি তুললেই হয়।

আলিথেওন জানাচ্ছে, বারকোড, এনগ্রেভ, স্টিকার দিয়ে তারা শনাক্ত করার পদ্ধতি রাখেনি। কৃত্রিম বুদ্ধিমত্তার মাধ্যমে কোনো পণ্যের উপরিভাগ যাচাই করে পণ্যটি আসল না নকল তা বুঝতে পারে। এমনকি ভাঙা কিংবা পুরনো পণ্যও এভাবে শনাক্ত করা যাবে। তবে ইউজার ইন্টারফেসের মাধ্যমে এই ফিচার কিভাবে ব্যবহার করা যাবে তা এখনো জানানো হয়নি। অ্যাপটি এখনো অ্যান্ড্রয়েড কিংবা আইওএসের জন্য উন্মুক্ত করা হয়নি।